গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.১৫৭.১৪- ৩৭৪২

তারিখঃ ১৩/০৩/১৪৩২ বঙ্গাব্দ।
২৮/০৬/২০২৫ খ্রিঃ।

প্রতিঃ উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ময়মনসিংহ/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল।

বিষয়ঃ কন্টিনজেন্সি প্লান প্রস্তুত পূর্বক বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে পরিদর্শন কালে লক্ষ্য করা যায় অধিকাংশ স্টেশনের আওতাধীন KPI, সরকারী/বেসরকারী স্থাপনা, প্রতিষ্ঠান যেমনঃ শিক্ষাপ্রতিষ্ঠান/শপিংমল/কলকারখানা ইত্যাদির যথাযথ কন্টিনজেন্সি প্লান করা নেই। ফলে অগ্নিকান্ড ও অন্য কোনো দূর্ঘটনাকালে দক্ষতার সাথে তাৎক্ষনিক পরিস্থিতি কার্যকরভাবে মোকাবেলা করা যায় না। এতে জান-মাল রক্ষায় এ অধিদপ্তরকে ব্যর্থতার দায় গ্রহণের মুখোমুখি হতে হয়। এ প্রেক্ষিতে বিভাগ, জেলা ও স্টেশন এলাকার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে স্বীয় এলাকার প্রতিটি KPI, সরকারী/বেসরকারী স্থাপনা, শিল্পকারখানা, বহুতল/বানিজ্যিক ভবন, শপিংমল, বস্তি ইত্যাদি সরেজমিনে পরিদর্শন করে পৃথক পৃথক কন্টিনজেন্সি প্লান প্রস্তুত করতে হবে। প্রতিটি ফায়ার স্টেশন এলাকায় সপ্তাহে নূন্যতম ২টি স্থাপনার পৃথক ইমারজেন্সি কন্টিনজেন্সি প্লান প্রস্তুত করতে হবে। প্রস্তুতকৃত কন্টিনজেন্সি প্লান স্থাপনায় স্টেশন ও জেলা দপ্তরে সংরক্ষণ করবে। উপপরিচালক, সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকগণ পরিদর্শনকালে ইমারজেন্সি কন্টিনজেন্সি প্লান তদারকি করে পরিদর্শন রেজিষ্টারে মন্তব্য করবেন এবং নিম্নোক্ত ছকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিমাসে পাঁচ কার্যদিবসের মধ্যে অধিদপ্তরে পৌছানো নিশ্চিত করবেন। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে জবাবদিহিতার আওতায় আনয়ন করা হবে।

**নমুনা ছক (কন্টিনজেন্সি প্লান এর তথ্য বিবরণী)**

| ক্রঃনং | বিভাগ | জেলা | জোন | স্টেশন | ভবন/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কন্টিনজেন্সি প্লান সম্পন্ন/অসম্পন্ন | ফায়ার সেফটি প্লান আছে/নাই | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ঢাকা বিভাগ | নারায়নগঞ্জ | জোন-১ | স্টেশনের নাম | | | | |
| | | | | স্টেশনের নাম | | | | |
| | | | | স্টেশনের নাম | | | | |
| | | | জোন-২ | স্টেশনের নাম | | | | |
| | | | | স্টেশনের নাম | | | | |
| | | | | স্টেশনের নাম | | | | |

এমতাবস্থায়, আদেশটি যথাযথভাবে অনুসরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**উল্লেখ্য যে, ইহার সফট কপি সহকারী পরিচালক (অপারেশন) এর মেইলে (adomfscd@gmail.com) ও হার্ডকপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

২৮/০৬/২০২৫

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স............(সকল)।
৩। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স............(সকল)।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। তাকে পত্রটি ফ্যাক্স বার্তার মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৫। সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স............(সকল)।
৬। ওয়্যারহাউজ ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স............(সকল)।

K.P.I